

আমাদের দেশ তারে কত ভালবাসি? নজরুল ইসলাম হাবিবী

আমাদের দেশ তারে বড় ভালবাসি
লাশ, ত্রাস, তবু বাজে নিরোদের বাঁশি।
পথে পথে খুন, গুম, জ্বালাও-পোড়াও,
রাহাজানি, ছিনতাই,-তবু গান গাও।

ক্ষুধা, তৃষ্ণা, অবিচার, ব্যভিচার হাसे
অনাহার, মহামারী গোটা দেশ গ্রাসে।

অন্যায়, বন্যায় ভেসে যায় দেশ,
আমি থাকি বনানীতে, সুখে আছি বেশ!

বাঁশতলা উড়ে কারো, ধসে যায় বিল,
বাইশ তলা বাড়ি মোর ঐ মতিঝিল!

নীতিবোধ, মানবতা, প্রেম, শ্রীতি, দয়া,
পলায়েছে দেশ ছেড়ে কোমলতা, মায়া!
চারিদিকে নাই নাই, হায়, হায়, রব,
গৌরবে, সৌরবে মোর আছে সব!

তুই খা লাখি পথে, অকালেতে মর,
আমি সুখি, লভনে মোর আছে ঘর!
গলা টিপে দেশ চুমি, তবু ভালবাসি
মর তুই, আমি খাই নিতি কলা, খাসি!?

২৯.০৮.'০৯ ইংরেজী, লন্ডন।